

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৭৩.০০২.০১.০০.০০৮.২০১১-১১৯

তারিখ : ০৭.০৪.২০১৩ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াদীন এইচপিএনএসডিপি'র “ট্রেনিং রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (নিপোর্ট)”
(কোড নং-৫০১০) কর্মসূচির অধীনে বৈদেশিক প্রশিক্ষণ বাবদ ১,৩৭,৭১,২৮০.০০ (এক কোটি সাইত্রিশ লক্ষ
একাত্তর হাজার দুইশত আশি) টাকা অগ্রিম উত্তোলনের মঞ্জুরি প্রসঙ্গে।


নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াদীন এইচপিএনএসডিপি'র “ট্রেনিং রিসার্চ এন্ড
ডেভেলপমেন্ট (নিপোর্ট)” (কোড নং-৫০১০) কর্মসূচির অধীনে আরপিএ (জিওবি) খাতে ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত
৬৫০.০০ লক্ষ টাকা হতে ৪টি প্যাকেজে বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের নিমিত্ত ১,৩৭,৭১,২৮০.০০ (এক কোটি সাইত্রিশ
লক্ষ একাত্তর হাজার দুইশত আশি) অগ্রিম উত্তোলনে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

তবে শর্ত থাকে যে,

- ক. অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- খ. পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- গ. অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে (৩০শে জুন) সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- ঘ. ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত আরপিএ (জিওবি) অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে; এবং
- ঙ. অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২। এ অর্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় এইচপিএনএসডিপি'র “ট্রেনিং রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট
(নিপোর্ট)” (কোড নং-৫০১০) অপারেশনাল প্ল্যানের অনুকূলে চলতি ২০১২-২০১৩ অর্থ বছরের আরপিএ (জিওবি'র)
অর্থ হতে কোড নং-৫-২৭৯১-৫০১০-৪৮৪০ হতে ৭৮,৫৫,১৮০/- টাকা এবং নং-৫-২৭৯১-৫০১০-৪৮২৯ হতে
৫৯,১৬,১০০/- টাকা মোট ১,৩৭,৭১,২৮০.০০ (এক কোটি সাইত্রিশ লক্ষ একাত্তর হাজার দুইশত আশি) সংকুলান করা
হবে।

৩। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হল।



(হুমায়রা সুলতানা)
উপ-সচিব
ফোনঃ-৭১৭১৫৪০
-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য -

স্মারক নং-৪৫.১৭৩.০০২.০১.০০.০০৮.২০১১-১১৯

তারিখ : ০৭.০৪.২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬-কাওরান বাজার, ঢাকা।
২. লাইন ডাইরেক্টর, ট্রেনিং রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।
৩. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (আঃব্যঃঅঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(হুমায়রা সুলতানা)
উপ-সচিব